Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৪শে শ্রাবণ বুধবার ১৩৬৮ ইংরাজী 9th Aug. 1961 { ১৩শ সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা


★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Serv(?)

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62554 OF 57

খাস জনতা

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. PUBL.

## ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৪শে শ্রাবণ বুধবার সন ১৩৬৮ সাল।

## বিচার

—০—

বিবদমান দুই বা ততোধিক পক্ষের সাক্ষ্য প্রমাণ গ্রহণ করিয়া বা স্বয়ং প্রকৃত ব্যাপার গোপনে বা প্রকাশ্যে অবগত হইয়া ন্যায় পক্ষকে সমর্থন এবং অন্যায় পক্ষকে নিন্দা দ্বারা রাজপুরুষ স্বমত ঘোষণা করিয়া যে বিধান করেন, তাহার নাম বিচার। যে রাজপুরুষ এই বিচার-কার্য্য সম্পন্ন করেন, তাঁহার নাম বিচারক। এই বিচার কার্য্যে নিযুক্ত বিচারকের লিখিত আদেশের নাম "রায়"।

যে বিচারক, পক্ষগণের এক পক্ষের দিকে টান টানিয়া অবিচার করিয়া রায় দিয়া থাকেন, লোকে তাঁহাকে পক্ষপাতী, অবিচারক, জ্ঞান-পাপী ইত্যাদি অখ্যাতিপূর্ণ বিশেষণে ভূষিত করিয়া থাকে। ইহাই হইল দশের দরবারে বিচারকের বিচার।

## কাজির বিচার

এক কাজি সাহেবের একটী বলদ ছিল। ভদ্রলোকের গরু যেমন চাকরের হেফাজতে যত্নের অভাবে সাধারণতঃ দুর্ব্বল হইয়া থাকে, কাজি সাহেবের বলদটীও হাড় কয়খানি সার হইয়াছিল। ঐ গ্রামেই এক তেলী ( কলু ) বাস করিত। তার ঘানির বলদটী তেলীর ঘরের খৈল ও তার নিজের হাতে প্রদত্ত চারা ভুসি খাইয়া খুব হৃষ্টপুষ্ট হইয়াছিল। একদিন তেলীর এই বলদটী কাজি সাহেবের বলদের সঙ্গে লড়াই আরম্ভ করিল। তেলীর বলবান বলদ কাজি সাহেবের অস্থিচর্ম্মসার বলদটীকে শিঙের গুতো মারিয়া উঁচু হইতে নীচে ফেলিয়া দিল। কাজি সাহেবের বলদটী মরিয়া গেল। তেলী বেচারা ভয়ে ঠক্ ঠক্ করিয়া কাঁপিতে লাগিল। বাপরে! তার বলদ স্বয়ং বিচারকর্ত্তা কাজি সাহেবের বলদকে মারিয়া ফেলিয়াছে। তেলী ভাবিল, এই অপরাধে তার ( তেলীর ) শূলীই হবে কি ফাঁসীই হবে! এমন সময় তেলীর এক কায়স্থ বন্ধু তাকে পরামর্শ দিল— তুমি বলদ দুটীর মালিকের নাম না করিয়া, কাজি সাহেবের কাছে গিয়া জিজ্ঞাসা করো—যে একটী বলদ আর একটী বলদকে শিঙের গুতো দিয়া মারিয়া ফেলিয়াছে। আইন দেখিয়া বলুন—এই অপরাধে কি দণ্ড হইতে পারে?

তেলী কাজি সাহেবের কাছে গিয়া তাঁকে সেলাম করিয়া বলিল—

তেলী—জনাব! থোড়া কানুন তো দেখিয়ে—এক বয়েল ঔর এক বয়েল কো মার দিয়া, ইস্‌মে ক্যা হোতা হায়?

কাজি—কানুন আদমীকা ওয়াস্তে। জানোয়ার জানোয়ারকো মারা—ইস্‌মে কুছ্ নেহি কানুন মে।

তেলী—খোদাবন্দ! হামারা বয়েল হুজুরকা বয়েলসে লড় গিয়া। হুজুরকা বয়েল ঠো কুছ্ দুবলা থা। নীচু গিরকে খতম হো গিয়া।

কাজি—তোম্‌হারা বয়েল হামারা বয়েলকো মার-দিয়া। আচ্ছা, বৈঠো। কানুন দেখকো বোল্‌দেতে হেঁ। ( কাজি সাহেব নিজের ছেলেকে ডাকিলেন ) বেটা! লাল-কিতাবঠো লে আ তো।

( এইবারে লালকেতাবের পাতা উল্‌টাইয়া )

দেখো—

লালকিতাবমে লেখ্‌তা এঁও—

তেলী বয়েল লড়ায়া কেঁও।

খড়ি চারসে কিয়া মুষ্টণ্ড্—

বয়েলকে বয়েল—ঔর পচাশ রুপেয়া ডণ্ড্।

অর্থ—লালকেতাবে লিখছে—তেলী তার বলদকে কেন লড়াইল? এই তার এক অপরাধ। আর খইল আর চারা খাওয়াইয়া বলদকে খুব বলিষ্ঠ করা অন্য এক অপরাধ। কাজেই জানোয়ারের অপরাধ, —অপরাধ না হইলেও এ অপরাধ মানুষে বর্ত্তাইল। সুতরাং রায় হচ্ছে—বলদের বদলে বলদটী দিতে হইবে আর পঞ্চাশ টাকা দণ্ড দিতে হইবে।

আইন যার হাতে—তার বিচারে নিজের লোকসান হইতে দিবে না ইচ্ছা করিলে কে আটকায়? তবে এই বিচারে রাষ্ট্রের মঙ্গল না হইয়া অমঙ্গল হইয়া থাকে।

—০—

## স্বদেশে দণ্ডিত বিদেশে যশো মণ্ডিত

এক বিচারকের বিচারে যুগান্তরের সম্পাদক শ্রীবিবেকানন্দ মুখোপাধ্যায়, যুগান্তরের সহকারী সম্পাদক "নেপথ্য দর্শন" এর লেখক শ্রীঅমিতাভ চৌধুরী এবং প্রকাশককে এক মানহানি মামলায় অর্থদণ্ড অভাবে কারাদণ্ড দিয়াছেন। নেপথ্য দর্শন এর লেখক শ্রীঅমিতাভ চৌধুরীকে ফিলিপাইন্সের ম্যানিলা সহরের ম্যাগসেসাই প্রতিষ্ঠান তাঁহার নির্ভীকতার জন্য এবং সাংবাদিকের কর্ত্তব্য-পরায়ণতার জন্য ১০,০০০ হাজার ডলার পারিতোষিক ঘোষণা করিয়া শ্রীচৌধুরীকে ভূয়সী প্রশংসা করিয়াছেন। শ্রীচৌধুরী স্বয়ং ম্যানিলা গিয়া স্বহস্তে পুরস্কার গ্রহণ করার সিদ্ধান্ত করিয়াছেন। তাঁহার প্রতি হাওড়া বিচারালয়ের দণ্ড প্রদানের বিরুদ্ধে উচ্চতর আদালতে আপিল দাখিল নিশ্চয় হইবে। দেখা যাক স্বদেশে নিন্দিত বিদেশে বন্দিত "অমিতাভ" ( অসীম তেজোময় ) নামের সার্থকতা কিভাবে প্রাপ্ত হন। তবে তিনি যে রঙ্গমঞ্চের অভিনেতা, আসরে নিন্দিত নেপথ্যে বন্দিত হইয়া 'নেপথ্য দর্শন" নামের সার্থকতা লাভ করিয়াছেন তাহাতে সন্দেহ নাই। আমরা তাঁহার গৌরবে গর্ব্বিত একথা স্বীকার করিয়া শ্রীচৌধুরীর দীর্ঘায়ুঃ সহ সফলতা কামনা করি।

## ম্যাগসেসাই পুরস্কারের বিবরণ

র‍্যামন ম্যাগসেসাই ফিলিপাইন্সের নেতা ও রাষ্ট্রপতি ছিলেন। যে যে বিষয় নোবেল পুরস্কারের অন্তর্ভুক্ত নয়, অথচ সমাজ ও দেশ হিতে যে সব বিষয়ের দান অপরিসীম, সেই সব বিষয়ে একটি আন্তর্জাতিক পুরস্কার প্রদানের উদ্দেশ্যে ম্যাগসেসাই তাঁর সমস্ত অর্থ ও সম্পত্তি দান করিয়া যান।

প্রতি বৎসর ৩১শে আগষ্ট র‍্যামন ম্যাগসেসাইর জন্মদিবস ম্যানিলায় একটি আন্তর্জাতিক অনুষ্ঠানে পুরস্কার প্রাপ্তদের একটি মানপত্র ও স্বর্ণ-পদক দ্বারা ভূষিত করা হয় এবং পরবর্ত্তী সাতদিন তাঁরা স্ব স্ব বিষয়ে ট্রাষ্ট কর্ত্তৃক প্রতিষ্ঠিত একটি বিদ্বৎ সভায় বক্তৃতা দেন।

—

## কথা উল্টে না

—০—

কন্‌ট্রোলের বাজারে :

চার সের চা

সব বেপারী পাবে বস

পরিচয় :

রমা তো মামা তোমার

রবীন্দ্রনাথের কথা :

থাক রবি কবির কথা

শ্রীকৃষ্ণ :

নন্দনন্দন

তাঁর জন্য তাঁর পিতাকে :

ক্ষীর সর রস রক্ষী

হতে হয়েছিল।

কীর্ত্তন মঞ্চে চারজন নর্ত্তকীর পর আর একজন নর্ত্তকী আসায় তাকে বলা চলে :

কীর্ত্তন মঞ্চ 'পরে পঞ্চম নর্ত্তকী

একজনের নাম ছিল নিমাই, সে মুসলমান ধর্ম্মে দীক্ষিত হওয়ায় তার নাম হইল সেখ ইমানি। তাকে বলা চলে :

নিমাই খসে সেখ ইমানি

দোকানে সন্ধ্যাবাতি দেবার জন্য

বেনে তেল সলতে নেবে

মানিনী শ্রীমতীকে বলা চলে :

বিরহে রাধা নয়ন ধারা হেরবি

---

## আমাদের ভুল

গত ১৭ই শ্রাবণ তারিখের "জঙ্গিপুর সংবাদে" 'ছাত্রের কৃতিত্ব' শীর্ষক সংবাদে শ্রীপ্রিয়রঞ্জন বণিক মহাশয়কে জঙ্গিপুর কলেজের ভাইস-প্রিন্সিপ্যাল উল্লেখ করিয়াছিলাম। কিন্তু উক্ত কলেজে ভাইস-প্রিন্সিপ্যালের কোন পদ নাই। তিনি প্রবীণ অধ্যাপক। এই ভুলের জন্য আমি দুঃখিত।

'সম্পাদক, জং সং'

---

## রেশনে চিনির দর

জঙ্গিপুর মিউনিসিপ্যাল এলাকায় রেশনে চিনির দর প্রতি সের ১'০৪ নঃ পঃ স্থলে ১'০৫ নঃ পঃ ধার্য্য হইয়াছে। যে কার্ড হোল্ডার /১৷৵০ চিনি পান তাঁহাকে প্রথম সেরের দাম ১'০৫ নঃ পঃ, আধ সেরের দাম ৫৩ নঃ পঃ এক পোয়ার দাম ২৭ নঃ পঃ এবং আধ পোয়ার দাম ১৪ নঃ পঃ মোট ১'৯৯ নঃ পঃ দিতে হইতেছে। পূর্ব্ব দর ১'৪ নঃ পঃ থাকাকালে ১'৯৫ নঃ পঃ দিতে হইত। তাহা হইলে সের প্রতি দুই নয়া পয়সার বেশী বৃদ্ধি দিতে হইল। কিন্তু /১৷৵০ ছটাকের মূল্য ১'০৫ হিঃ ১'৯৭ নঃ পঃ হওয়া উচিত। এ বিষয়ে আমরা জঙ্গিপুর মহকুমার খাদ্য ও সরবরাহ বিভাগের নিয়ামক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## ধুলিয়ান রঘুনাথগঞ্জ মোটর সার্ভিস

যাত্রিগণের সুবিধার জন্য ধুলিয়ান হইতে রঘুনাথগঞ্জ দিনে তিনবার ও রঘুনাথগঞ্জ হইতে ধুলিয়ান দিনে তিনবার মোটর বাস যাইতেছে। নিম্নে সময় দিলাম।

রঘুনাথগঞ্জ অভিমুখে—সকাল ৬-৩০ মিঃ, বেলা ৮টায় (এক্সপ্রেস), বৈকাল—৩-৪৫ মিঃ

ধুলিয়ান অভিমুখে—বেলা ৮-৩০ মিঃ, বৈকাল—৩টায় (এক্সপ্রেস), বৈকাল—৫টায়

কেবল রবিবারে বেলা ৮-৩০ মিঃ ধুলিয়ান অভিমুখে যায় এবং বৈকালে ৩-৪৫ মিঃ রঘুনাথগঞ্জ অভিমুখে আসে।

---

## ধানের পাম্‌রী পোকা

পাম্‌রী পোকা সাধারণতঃ চারা অবস্থায় ধান গাছ আক্রমণ করে। পোকাগুলি ছোট ও রং কাল গায়ে কাঁটা আছে। ধানের পাতায় এই পোকা ডিম পাড়ে এবং এর কীড়াগুলি পাতার মধ্যে থেকে সবুজ অংশ খেয়ে ফেলে। অনেক সময় পাম্‌রী পোকার আক্রমণ এত বেশী হয় যে অতি অল্প সময়ের মধ্যে সবুজ ধানের ক্ষেত একেবারে সাদা হয়ে যায়। আক্রান্ত মাঠে বি, এইচ, সি (শতকরা ১০ ভাগ) পাউডার বিঘা প্রতি দেড় সের ছিটিয়ে দিলে আক্রমণ রোধ হয়। অথবা কেরোসিন জলে ভিজানো পাটের দড়ি ধান গাছের উপর দিয়ে টেনে নিলে পোকা কমে যায়। এই দড়ি এক পোয়া কেরোসিন তেল দুইসের জলে মিশিয়ে সেই জলে ভেজাতে হবে। আক্রান্ত বীজ তলা থেকে চারা যখন মাঠে রোয়া হয় তখন তার মাথা কেটে দেওয়া উচিত। কারণ পাতার ডগাতেই পোকার কীড়া ও ডিম বেশী থাকে। ঘন বৃষ্টিতে আপনা থেকেই পোকার উপদ্রব কমে আসে।

(কৃষি-বিভাগ কর্ত্তৃক প্রচারিত)

---

## প্রকাশ্য দিবালোকে লুঠ

গত ৩রা আগষ্ট বৃহস্পতিবার সকাল ৯ ঘটিকা নাগাদ বহরমপুর সেটেলমেণ্ট অফিস হইতে কুড়ি হাজার টাকা লুঠ করিয়া লইয়া যাইবার এক চাঞ্চল্যকর সংবাদ পাওয়া গিয়াছে। বিবরণে প্রকাশ, সেটেলমেণ্ট অফিসের ক্যাশিয়ার শ্রীপঞ্চানন দাস দ্বিতলের অফিস ঘরে বসিয়া কুড়ি হাজার টাকা ইনসিওর খামে পুরিয়া মফঃস্বলের বিভিন্ন ক্যাম্পে পাঠাইবার ব্যবস্থা করিতেছিলেন। সেই সময় মুখোসপরা রিভলভারধারী দুইজন লোক উক্ত ঘরে প্রবেশ করিয়া সমস্ত অর্থ দাবী করে। অকস্মাৎ দুর্বৃত্তেরা ক্যাশিয়ারের দেহে পেট্রোল ঢালিয়া আগুন ধরাইয়া দিয়া সমস্ত টাকা লইয়া উধাও হইয়া যায়। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## লবণেও ভেজাল

তেল, ঘি, চা, চিনি, গুড় প্রভৃতি খাদ্যদ্রব্যে তো ভেজাল আছেই, ইদানীং লবণেও ভেজাল ধরা পড়িয়াছে। আজকাল সাধারণের ব্যবহার্য যে গুঁড়া লবণ বাজারে বিক্রী হয়, উহার রং প্রায়ই একটু ময়লা দেখা যায়। তাহা ছাড়া ঐ লবণ ব্যঞ্জনাদিতে দিলে উহা বিস্বাদ হইয়া উঠে। পর পর তিনটা দোকান হইতে লবণ ক্রয় করিয়া এক ব্যক্তি দেখিতে পান লবণ একটু বিবর্ণ। ব্যঞ্জনে দিলে উহা কচ্‌কচ্‌ করে। অবশেষে জলে লবণ ঢালিলে দেখা যায় জলের নীচে বালুকার একটী স্তর পড়িয়া আছে এবং লবণ জাতীয় পদার্থটি জলে গলিয়া লবণাক্ত হইয়াছে।




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটি আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

সাধনা ঔষধালয়ের প্রস্তুত আদর্শ দাঁতের মাজন সাধনা দশন এবং অন্যান্য ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)

দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible] করা হয়

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।